কালের কণ্ঠ

তারিখ ..04 DEC 2015...
পৃষ্ঠা ...৫... কলাম ...১-৬...

# শিক্ষকদের অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের টাকা দেওয়ার দাবি

অবসরপ্রাপ্ত বেসরকারি শিক্ষক-কর্মচারীরা অবসর সুবিধা ও কল্যাণ ট্রাস্টের টাকা না পেয়ে চরম মানবেতর জীবন যাপন করছেন বলে দাবি করেছেন বাংলাদেশ শিক্ষক সমিতির (বাশিস) নেতারা। তাঁরা বলেছেন, অবিলম্বে সরকারকে এ দুটি সরকারি প্রতিষ্ঠানে অর্থের সংস্থান করতে হবে।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ শিক্ষক সমিতি ও শিক্ষক-কর্মচারী সংগ্রামী ঐক্যজোটের জাতীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে দেওয়া বিবৃতিতে এ কথা বলা হয়।

বাশিস কেন্দ্রীয় সভাপতি মো. নজরুল ইসলাম রনি স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ফান্ডের জন্য এমপিও থেকে মাসিক ছয় শতাংশ টাকা কেটে রাখা হলেও চার বছর ধরে বেসরকারি শিক্ষক-কর্মচারীদের অবসর ও কল্যাণ ট্রাস্টের টাকা দেওয়া হচ্ছে না। টাকা না পেয়ে তারা চরম মানবেতর জীবন যাপন করছেন। তাদের মধ্যে কেউ মারা গেছেন, আবার কেউ পঙ্গুত্ব বরণ করেছেন। কেউ আবার অবসরে গিয়ে তাদের উপযুক্ত ছেলেমেয়েদের বিয়ে দিতে পারছেন না। এ নিয়ে শিক্ষক সমাজে চরম অসন্তোষ ও ক্ষোভের সঞ্চার হয়েছে; যা বর্তমান সরকারের ভাবমূর্তিও দারুণভাবে ক্ষুণ্ন করছে।

বিবৃতিদানকারী শিক্ষক নেতারা হলেন– বাংলাদেশ শিক্ষক সমিতির সিনিয়র সহসভাপতি মীর আবদুল মালেক, ভারপ্রাপ্ত মহাসচিব মো. রিয়াজ উদ্দিন, মো. রফিকুল ইসলাম, সাংগঠনিক সচিব মো. তৌফিকুল ইসলাম, অর্থ সচিব মো. আবুল বাশার বাদশা, কলেজ শিক্ষক সমিতির সভাপতি মঞ্জুরুল আমিন শেখর ও মহাসচিব মো. বদরুজ্জামান বাদল, প্রেসিডিয়াম সদস্য মো. মিজানুর রহমান, মহসিন উদ্দিন ও মো. সাখাওয়াত হোসেন।